গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
মহাখালী, ঢাকা
www.dgnm.gov.bd

স্মারক নং ৪৫.০৩.০০০০.০০৭.২৭.১৮৩.২২- ৫৫ তারিখঃ ১৩/০২/২০২২ খ্রিঃ

বিষয়ঃ কারণ দর্শানোর নোটিশ।

আপনি জনাব মিলি চৌধুরী, পিতাঃ বাবু মন মোহন চৌধুরী, সাবেক অধ্যক্ষ ফৌজদারহাট নার্সিং কলেজে,চট্টগ্রাম এর বিরুদ্ধে অভিযোগ উত্থাপিত হয়েছে যে, অধ্যক্ষ থাকাকালীন বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা, ইন্টারনাল পরীক্ষা এবং হল ডিউটি বাবদ শিক্ষকদের সম্মানী ভাতা প্রদান করেননি। উল্লেখ্য গত ০১/১১/২০১৯ খ্রিঃ তারিখ হতে অবসরোত্তর ছুটিতে যাওয়ার সময় ছাত্র/ছাত্রীর ভর্তি সংক্রান্ত ২০১৬/১৭ থেকে ২০১৯/২০ শিক্ষাবর্ষ পর্যন্ত সেন্টার ফি এবং বিবিধ টাকা বাবদ মোট ১৮,০৮,৭৭৮/- টাকার মধ্যে নগদ ৩,৫০,০০০/- এবং ব্যাংকে ১,৪০,০০০/- মোট ৪,৯০,০০০ টাকা বুঝে পাওয়া গেছে। হিসাব অনুযায়ী ১৩,১৮,৭৭৮/- টাকা আপনার নিকট গচ্ছিত আছে ।

২। এমতাবস্থায়, উল্লিখিত অভিযোগের প্রেক্ষিতে কেন আপনার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে না তার কারণ পত্র প্রাপ্তির ০৭ (সাত) কর্ম দিবসের মধ্যে দর্শানোর জন্য আপনাকে অনুরোধ করা হলো।

স্বাঃ
মোঃ রশিদুল মান্নাফ কবীর
(উপসচিব)
পরিচালক (শিক্ষা ও শৃংখলা)
ফোনঃ ০২-৪১০৮০১৭

**প্রাপকঃ**
জনাব মিলি চৌধুরী
পিতাঃ বাবু মন মোহন চৌধুরী
সাবেক অধ্যক্ষ ফৌজদারহাট নার্সিং কলেজে, চট্টগ্রাম।

**স্থায়ী ঠিকানাঃ**
জনাব মিলি চৌধুরী
পিতাঃ বাবু মন মোহন চৌধুরী
গ্রামঃ বাশচর, পোঃ নুরালি বাড়ী
থানাঃ হাটাজারি, জেলাঃ চট্টগ্রাম।

স্মারক নং ৪৫.০৩.০০০০.০০৭.২৭.১৮৩.২২- ৫৫/১(৩) তারিখঃ ১৩ /০২/২০২২ খ্রিঃ

অনুলিপিঃ জ্ঞাতার্থে
১। অধ্যক্ষ, ফৌজদারহাট নার্সিং কলেজে, চট্টগ্রাম ।
২। সহকারী পরিচালক (পিএমআইএস), এ অধিদপ্তর। (নোটিশটি ওয়েবসাইটে প্রকাশ করার জন্য)
৩। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।

১৩/২/২২
পরিচালক (শিক্ষা ও শৃংখলা)
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
মহাখালী, ঢাকা
www.dgnm.gov.bd

নং-৪৫.০৩.০০০০.০০৭.২৭.১৪৩.২১.৫৫ তারিখঃ ১৩/০২/২০২২ খ্রিষ্টাব্দ

**অফিস আদেশ**

কনকচাঁপা, পিতা- মোঃ কালাম মন্ডল, মিডওয়াইফ, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, হাতিয়া, নোয়াখালী (সাবেক কর্মস্থল- উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, হোমনা, কুমিল্লা) এর বিরুদ্ধে এ অধিদপ্তরের ০৪১/২০২১ নং বিভাগীয় মামলার ১ম কারণ দর্শানোর জবাব ০৫/১২/২০২১ খ্রিঃ তারিখে দাখিল হয় এবং মহাপরিচালক, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর কর্তৃক ২৭/০১/২০২২ খ্রিঃ তারিখে অভিযুক্তের ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়।

২। এক্ষণে, অভিযুক্তের কারণ দর্শানোর জবাব সন্তোষজনক বিবেচিত হওয়ায় এবং সরকারী কর্মচারী (শৃংখলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধির আওতায় আনীত অসদাচরণের অভিযোগ প্রমাণিত না হওয়ায় অভিযুক্তকে বিভাগীয় মামলার দায় হতে নির্দেশক্রমে অব্যাহতি প্রদান করা হলো। বিভাগীয় মামলাটি নথিজাত করা হলো।

১৩/২/২২
মোঃ রশিদুল মান্নাফ কবীর
(উপসচিব)
পরিচালক (শিক্ষা ও শৃঙ্খলা)
ফোন: ০২-৪১০৮০৪১৭

নং-৪৫.০৩.০০০০.০০৭.২৭.১৪৩.২১.৫৫/১(৯) তারিখঃ ১৩/০২/২০২২ খ্রিষ্টাব্দ

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/ জ্ঞাতার্থে ও কার্যার্থে

১। সিনিয়র সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
২। পরিচালক (প্রশাসন), নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।
৩। সিভিল সার্জন, নোয়াখালী/ কুমিল্লা।
৪। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, হাতিয়া, নোয়াখালী/ হোমনা, কুমিল্লা।
৫। সহকারী পরিচালক, পিএমআইএস, এ অধিদপ্তর (আদেশটি ওয়েবসাইটে প্রকাশ করার জন্য)।
৬। জেলা পাবলিক হেলথ নার্স, নোয়াখালী/ কুমিল্লা।
৭। নার্সিং সুপারভাইজার, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, হাতিয়া, নোয়াখালী/ হোমনা, কুমিল্লা।
৮। জনাব কনকচাঁপা, পিতা- মোঃ কালাম মন্ডল, মিডওয়াইফ, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, হাতিয়া, নোয়াখালী।
৯। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, মহাখালী, ঢাকা।

১৩/২/২২
পরিচালক (শিক্ষা ও শৃঙ্খলা)
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
মহাখালী, ঢাকা
www.dgnm.gov.bd

স্মারক নং ৪৫.০৩.০০০০.০০৭.২৭.১৮৫.২২- ৫৭ তারিখঃ ১৩/০২/২০২২ খ্রিঃ

বিষয়ঃ কারণ দর্শানোর নোটিশ।

সহকারী পরিচালক, সিলেট ওসমানী মেডিকেল কলেজ হাসপাতাল, সিলেট এর ০৫/০৭/২০২১ খ্রিঃ তারিখের পত্রের আলোকে জানা যায়, আপনি জাহানারা, পিতাঃ আব্দুর রশিদ, সিনিয়র স্টাফ নার্স, সিলেট ওসমানী মেডিকেল কলেজ হাসপাতাল, সিলেট ১৩/০৫/২০২০ খ্রিঃ তারিখে সরকারি চাকরিতে যোগদান করেন। গত ১৭/০৫/২০২০ খ্রিঃ তারিখ হতে ১৬/১১/২০২০ খ্রিঃ তারিখ পর্যন্ত মোট ১৮০ দিন মাতৃত্বকালীন ছুটিতে ছিলেন। মাতৃত্বকালীন ছুটিতে থাকা অবস্থায় সড়ক দুর্ঘটনায় একটি পা ভেঙ্গে যাওয়ার কারণে ১৭/১১/২০২০ খ্রিঃ তারিখ হতে ১৭/০১/২০২১ খ্রিঃ তারিখ পর্যন্ত মোট ৬১ দিন ছুটি বর্ধিত করার জন্য ডাকযোগে আবেদন করেন। আপনি ১৮/০১/২০২১ খ্রিঃ তারিখে যোগদান না করে ১২/০৫/২০২১ খ্রিঃ তারিখ পর্যন্ত ছুটি বর্ধিত করার জন্য আবেদন করেন। গত ১৩/০৫/২০২১ খ্রিঃ তারিখে যোগদান করার কথা থাকলেও আপনি অদ্যাবধি কর্তব্য কাজে অননুমোদিতভাবে অনুপস্থিত আছেন।

২। এমতাবস্থায়, উল্লিখিত অভিযোগের প্রেক্ষিতে কেন আপনার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে না তার কারণ পত্র প্রাপ্তির ০৭ (সাত) কর্ম দিবসের মধ্যে দর্শানোর জন্য আপনাকে নির্দেশ প্রদান করা হলো।

মোঃ রশিদুল মান্নাফ কবীর
(উপসচিব)
পরিচালক (শিক্ষা ও শৃংখলা)
ফোনঃ ০২-৪১০৮০১৭

জাহানারা
পিতাঃ আব্দুর রশিদ
সিনিয়র স্টাফ নার্স
সিলেট ওসমানী মেডিকেল কলেজ হাসপাতাল, সিলেট।

স্মারক নং ৪৫.০৩.০০০০.০০৭.২৭.১৮৫.২২- ৫৭/১(৫) তারিখঃ ১৩/০২/২০২২ খ্রিঃ

অনুলিপিঃ জ্ঞাতার্থে
১। পরিচালক, সিলেট ওসমানী মেডিকেল কলেজ হাসপাতাল, সিলেট।
২। পরিচালক (প্রশাসন), নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।
৩। সেবা তত্ত্বাবধায়ক, সিলেট ওসমানী মেডিকেল কলেজ হাসপাতাল, সিলেট।।
৪। সহকারী পরিচালক (পিএমআইএস), এ অধিদপ্তর। (নোটিশটি ওয়েবসাইটে প্রকাশ করার জন্য)
৫। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।

১৩/২/২২
পরিচালক (শিক্ষা ও শৃংখলা)
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
মহাখালী, ঢাকা
www.dgnm.gov.bd

নং-৪৫.০৩.০০০০.০০৭.২৭.০০৮.২১ ৬৬ তারিখ-১৩/০২/২০২২ খ্রিষ্টাব্দ

**অফিস আদেশ**

ফেরদৌসি আক্তার, পিতা- মোহাম্মদ আব্দুল আজিজ, সিনিয়র স্টাফ নার্স, কুমিল্লা মেডিকেল কলেজ হাসপাতাল, কুমিল্লা (সাবেক কর্মস্থল- নার্সিং ইনস্টিটিউট, কুমিল্লা) এর বিরুদ্ধে এ অধিদপ্তরের ০৩৫/২০২১ নং বিভাগীয় মামলার ১ম কারণ দর্শানোর জবাব ০৭/১০/২০২১ খ্রিঃ তারিখে দাখিল হয় এবং মহাপরিচালক, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর কর্তৃক ১৩/১২/২০২১ খ্রিঃ তারিখে অভিযুক্তের ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়।

২। এক্ষণে, অভিযুক্তের কারণ দর্শানোর জবাব সন্তোষজনক বিবেচিত হওয়ায় এবং সরকারী কর্মচারী (শৃংখলা ও আপিল), ২০১৮ এর ৩(খ) বিধির আওতায় আনীত অসদাচরণের অভিযোগ প্রমাণিত না হওয়ায় অভিযুক্তকে বিভাগীয় মামলার দায় হতে নির্দেশক্রমে অব্যাহতি প্রদান করা হলো। বিভাগীয় মামলাটি নথিজাত করা হলো।

১৩/২/২২
মোঃ রশিদুল মান্নাফ কবীর
(উপসচিব)
পরিচালক (শিক্ষা ও শৃঙ্খলা)
ফোন: ০২-৪১০৮০৪১৭

নং-৪৫.০৩.০০০০.০০৭.২৭.০০৮.২১ ৬৬/১(৮) তারিখ-১৩/০২/২০২২ খ্রিষ্টাব্দ

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/ জ্ঞাতার্থে ও কার্যার্থে

১। সিনিয়র সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
২। পরিচালক, কুমিল্লা মেডিকেল কলেজ হাসপাতাল, কুমিল্লা।
৩। পরিচালক (প্রশাসন), নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।
৪। সহকারী পরিচালক, পিএমআইএস, এ অধিদপ্তর (আদেশটি ওয়েবসাইটে প্রকাশ করার জন্য)।
৫। সেবা তত্ত্বাবধায়ক, কুমিল্লা মেডিকেল কলেজ হাসপাতাল, কুমিল্লা।
৬। নার্সিং ইনস্ট্রাক্টর ইনচার্জ, নার্সিং ইনস্টিটিউট, কুমিল্লা।
৭। জনাব ফেরদৌসি আক্তার, পিতা- মোহাম্মদ আব্দুল আজিজ, সিনিয়র স্টাফ নার্স, কুমিল্লা মেডিকেল কলেজ হাসপাতাল, কুমিল্লা।
৮। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, মহাখালী, ঢাকা।

১৩/২/২২
পরিচালক (শিক্ষা ও শৃঙ্খলা)
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
মহাখালী, ঢাকা
www.dgnm.gov.bd

স্মারক নং-৪৫.০৩.০০০০.০০৭.২৭.১৩৫.২১-৫৭ তারিখ- ১৩/০২/২০২২ খ্রিষ্টাব্দ

বিষয়ঃ বিভাগীয় মামলা নং- ০৪৫/২০২১ এর ব্যক্তিগত শুনানির নোটিশ।

আপনি জনাব হোসনেয়ারা আখতার, পিতাঃ আলতাফ হোসেন, নার্সিং ইনস্ট্রাক্টর, বরিশাল নার্সিং কলেজ,বরিশাল এর বিরুদ্ধে এ অধিদপ্তরের গত ২০/১২/২০২২ খ্রিঃ তারিখের ৪৫.০৩.০০০০.০০৭.২৭.১৩৫.২১.৫১২ নং স্মারকে ০৪৫/২০২১ নং বিভাগীয় মামলা রুজু করা হয়। বিভাগীয় মামলার অভিযোগনামার জবাব গত ০৫/০১/২০২২ খ্রিঃ তারিখে দাখিল করেন এবং ব্যক্তিগত শুনানিতে অংশগ্রহণের ইচ্ছা প্রকাশ করেন।

২। এমতাবস্থায়, বর্ণিত বিভাগীয় মামলার ব্যক্তিগত শুনানি মহাপরিচালক, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর কর্তৃক মহোদয়ের অফিস কক্ষে আগামী ২৭/০২/২০২২ খ্রিঃ তারিখ সকাল ১১.০০ ঘটিকায় অনুষ্ঠিত হবে। উক্ত শুনানিতে অংশগ্রহণের জন্য আপনাকে নির্দেশ প্রদান করা হলো।

স্বাঃ-
মোঃ রশিদুল মান্নাফ কবীর
(উপসচিব)
পরিচালক (শিক্ষা ও শৃঙ্খলা)
ফোনঃ ০২-৪১০৮০৪১৭

জনাব হোসনেয়ারা আখতার
পিতাঃ আলতাফ হোসেন
নার্সিং ইনস্ট্রাক্টর
বরিশাল নার্সিং কলেজ,বরিশাল।

স্মারক নং-৪৫.০৩.০০০০.০০৭.২৭.১৩৫.২১-৫৭/১(৪) তারিখ- ১৩ /০২/২০২২ খ্রিষ্টাব্দ

অনুলিপিঃ

১। পরিচালক (প্রশাসন), নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।
২। অধ্যক্ষ, বরিশাল নার্সিং কলেজ, বরিশাল ।
৩। সহকারী পরিচালক, পিএমআইএস শাখা, এ অধিদপ্তর। (নোটিশটি ওয়েবসাইটে প্রকাশ করার জন্য)
৪। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।

১৩/২/২২
পরিচালক (শিক্ষা ও শৃঙ্খলা)
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর